গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেঃ ১৩)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং-এবাএখা/প্রশা/ বান্দরবন/২০৭/২০১০-১১৫২ তারিখ: ২৩.০১.২০১৯ খ্রি.।

সাময়িক বরখাস্তের অফিস আদেশ

জনাব শিউলি মারমা, মাঠসহাকরী,একটি বাড়ি একটি খামার প্রকল্প, বান্দরবন সদর,বান্দরবন তার দায়িত্বপ্রাপ্ত টংকাবতী ইউনিয়নের বিভিন্ন সমিতি হতে ৪,২৬,৩৬৯/-(চার লক্ষ ছাব্বিশ হাজার তিনশত উনসত্তর) টাকা আত্মসাৎ করেছেন। এছাড়া তার বিরুদ্ধে দায়িত্ব পালনে চরম গাফিলতি, কর্মস্থলে অনুপস্থিতিসহ বিভিন্ন অনিয়মের অভিয়োগ পাওয়া গেছে। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতিসহ নানাবিধ অভিযোগের বিষয়ে তাকে ব্যাখা তলব করা করা হয়। তিনি ব্যাখ্যা তলবের জবাবে এ ধরণের ভুল আর করবেন না মর্মে অঙ্গীকার করলেও পুনরায় তার বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া গেছে মর্মে উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবন সদর,বান্দরবন প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

০২। বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা, আর্থিক অনিয়ম এবং দুর্নীতির শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি থেকে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবন সদর,বান্দরবন এর কার্যালয়ে সংযুক্ত করা হলো। একইসাথে আত্মসাতকৃত ৪,২৬,৩৬৯/-(চার লক্ষ ছাব্বিশ হাজার তিনশত উনসত্তর) টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের জন্য তাকে নির্দেশ প্রদান করা হলো।

০৩। সরকারি অর্থ আত্মসাৎ এবং অন্যান্য অনিয়মের জন্য কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬নং শর্তানুযায়ী ১(এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। আত্মসাতকৃত অর্থ আদায়পূর্বক যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বান্দরবন সদর,বান্দরবন-কে অনুরোধ করা হলো। উক্ত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত জনাব শিউলি মারমার বিরুদ্ধে দুর্নীতি দমন আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করার অনুমতি প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩.১.১৯

(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯৩৬২৭১২ ফ্যাক্সঃ ৯৩৪৮২০৬
headoffice@ebek-rdcd.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক,পল্লী সঞ্চয় ব্যাংক,৭১-৭২,ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
২। জেলা প্রশাসক, বান্দরবন।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবন সদর,বান্দরবন ।
৪। প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, বান্দরবন।
৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবন সদর,বান্দরবন ।
৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বান্দরবন সদর,বান্দরবন।
৮। উপজেলা সমন্বয়কারী, বান্দরবন সদর,বান্দরবন।
৯। জনাব শিউলি মারমা, মাঠসহকারী (সাময়িক বরখাস্তকৃত), বান্দরবন সদর,বান্দরবন।
১০। অফিস কপি/ব্যক্তিগত নথি